# উপমহাদেশে নারী নেতৃত্বের অনন্য দৃষ্টান্ত খালেদা জিয়া: বার্নিকাট



সংগৃহীত ছবি

বাংলাদেশে যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট বলেছেন, নানা নির্যাতন ও রাজনৈতিক চাপের মুখেও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া কখনো অভিযোগের সুরে কথা বলেননি। বরং সৌহার্দ্যপূর্ণ আচরণ আর ব্যক্তিত্বের শক্তিতেই তিনি সবাইকে মুগ্ধ করেছেন। দক্ষিণ এশিয়ায় একজন নারী হিসেবে তার নেতৃত্ব দীর্ঘদিন উদাহরণ হয়ে থাকবে বলেও মন্তব্য করেন তিনি।

সোমবার ওয়াশিংটনের ন্যাশনাল প্রেসক্লাবে খালেদা জিয়াকে স্মরণ করে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন বার্নিকাট। মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারীর উদ্যোগে এই সভা অনুষ্ঠিত হয়।

নিজের অভিজ্ঞতা তুলে ধরে বার্নিকাট বলেন, কঠিন সময়েও খালেদা জিয়া সব সময় হাস্যোজ্জ্বল ও আন্তরিক ছিলেন। দেশের মানুষের কল্যাণে তার নিষ্ঠা ছিল স্পষ্ট। তিনি মনে করেন, বাংলাদেশের ইতিহাসে খালেদা জিয়ার অবদান ভবিষ্যতেও স্মরণীয় হয়ে থাকবে।

সভায় স্বাগত বক্তব্যে রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী বলেন, গণতন্ত্র রক্ষা ও সার্বভৌমত্বের প্রশ্নে খালেদা জিয়া ছিলেন আপসহীন। বিরোধী কণ্ঠ দমন ও প্রতিষ্ঠান ভাঙনের সময়েও তিনি সাহসের সঙ্গে স্বৈরশাসনের বিরুদ্ধে অবস্থান নেন। তার কারাবাসকে রাজনৈতিক ষড়যন্ত্র আখ্যা দিয়ে তিনি যুক্তরাষ্ট্রের মানবাধিকার প্রতিবেদনের কথাও উল্লেখ করেন।

বাংলাদেশের প্রেস মিনিস্টার গোলাম মোর্তজা বলেন, দেশের রাজনীতি ও গণতান্ত্রিক আন্দোলনে জিয়াউর রহমান, খালেদা জিয়া ও তারেক রহমানের ভূমিকা উপেক্ষা করার সুযোগ নেই।

অনুষ্ঠানে এপির সাবেক সম্পাদক ম্যারন বিলকাইন্ডসহ আন্তর্জাতিক সংবাদমাধ্যমের কয়েকজন বিশিষ্ট ব্যক্তি বক্তব্য দেন। তারা সবাই বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে খালেদা জিয়ার সংগ্রাম ও অবদানের প্রতি গভীর শ্রদ্ধা জানান।